

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৩.৫৯.০০১.২০২২-৩৫

তারিখ: ১৭ চৈত্র ১৪৩০
৩১ মার্চ ২০২৪

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগ-এ দায়েরকৃত কনটেম্পট পিটিশন নং-১৫৪/২০২৩ (রিট পিটিশন নং-৮৭১১/২০১৬ হতে উদ্ভূত) পরিচালনা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব বিনু চন্দ্র বর্মণ, সহকারী শিক্ষক (হিন্দু ধর্ম), ভিতরবন্দ জে.ডি. একাডেমি, নাগেশ্বরী, কুড়িগ্রাম উৎসব ভাতাসহ বকেয়া বেতন-ভাতা প্রাপ্তির জন্য মহামান্য হাইকোর্টে বিভাগে রিট পিটিশন নং-৮৭১১/২০১৬ মামলা দায়ের করেন। বিগত ১১.০৪.২০১৮ তারিখে রিট পিটিশন নং-৮৭১১/২০১৬ মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক নিম্নরূপ আদেশ/রায় প্রদান করা হয়:

“The respondent no.2 is hereby directed to include the name of the petitioner for government portion of salary, Monthly Pay Order (MPO) with effect from May/2016 along with festival bonuses, if any, within 1 (one) month on receipt of this judgment and order without any fail.”

০২। জনাব বিনু চন্দ্র বর্মণ মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৮৭১১/২০১৬ মামলার আদেশ/রায় বাস্তবায়ন না হওয়ায় সংশ্লিষ্ট হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-১৫৪/২০২৩ মামলা দায়ের করেন। এ কনটেম্পট মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ০২ (দুই) জন-কে বিবাদী করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, উপর্যুক্ত বর্ণনার আলোকে মহামান্য হাইকোর্ট বিভাগের কনটেম্পট পিটিশন নং-১৫৪/২০২৩ (রিট পিটিশন নং-৮৭১১/২০১৬ হতে উদ্ভূত) মামলা সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষে পরিচালনার নিমিত্ত নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) কনটেম্পট পিটিশন নং-১৫৪/২০২৩ (রিট পিটিশন নং-৮৭১১/২০১৬ হতে উদ্ভূত) মামলাটি সরকার পক্ষে পরিচালনার জন্য সলিসিটর উইং এর সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগ করা;
- (খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ;
- (গ) কনটেম্পট মামলার জবাব ইতোমধ্যে প্রদান করা না হয়ে থাকলে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা;
- (ঘ) কনটেম্পট মামলার দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ করা; এবং
- (ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ;

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

(মো: আবদুল জলিল মজুমদার)
সহকারী সচিব
ফোন: ৫৫১০১১৬৯

law.section1@shed.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৩.৫৯.০০১.২০২২-৩৫

তারিখ: ১৭ চৈত্র ১৪৩০
৩১ মার্চ ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ✓ ২. সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৩. যুগ্মসচিব (নিরীক্ষা ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. অফিস কপি।